

# 💵 রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৪২৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪২০]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫১: আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

بَابُ الرَّجَاءِ \_ (51)

#### আরবী

وَعَنهُ، قَالَ: سَمِعْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، يَقُولُ: جَعَلَ اللهُ الرَّحْمَةَ مِئَةَ جُزْءٍ، فَأَمْسَكَ عِنْدَهُ تِسْعَةً وَتِسْعِينَ، وَأَنْزَلَ في الأرْضِ جُزْءً وَاحِداً، فَمِنْ ذلِكَ الجُزءِ يَتَرَاحَمُ الخَلائِقُ، حَتَّى تَرْفَعَ الدَّابَّةُ حَافِرَهَا عَنْ وَلَدِهَا خَشْيَةَ أَنْ تُصِيبَهُ

وَفِي رِوَايَةٍ: إِنَّ للهِ تَعَالَى مَنَّةَ رَحَمَةٍ، أَنْزَلَ مِنْهَا رَحْمَةً وَاحِدَةً بَيْنَ الجِنِّ وَالإنسِ وَالبهائِمِ وَالهَوامِّ، فَبِهَا يَتَعَاطَفُونَ، وبِهَا يَتَرَاحَمُونَ، وبِهَا تَعْطِفُ الوَحْشُ عَلَى وَلَدِهَا، وَأَخَّرَ اللهُ تَعَالَى تِسْعاً وَتِسْعينَ رَحْمَةً يرْحَمُ بِهَا عِبَادَهُ يَوْمَ القِيَامَة . مُتَّفَقٌ عَلَيهِ .

وَرَوَاهُ مُسلِمٌ أَيضاً مِنْ رِوَايَةِ سَلْمَانَ الفَارِسيِّ رضي الله عنه، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: إنَّ للهِ تَعَالَى مِئَةَ رَحْمَةٍ فَمِنْهَا رَحْمَةٌ يَتَرَاحمُ بِهَا الخَلْقُ بَيْنَهُمْ، وَتِسْعُ وَتِسعُونَ لِيَومِ القِيَامَةِ

وَفِي رِوَايَةٍ: إِنَّ اللهَ تَعَالَى خَلَقَ يَوْمَ خَلَقَ السَّمَاوَاتِ وَالأَرْضَ مَنَّةَ رَحْمَةٍ كُلُّ رَحْمَةٍ طِبَاقُ مَا بَيْنَ السَّمَاءِ إِلَى الأَرْضِ، فَجَعَلَ مِنْهَا فِي الأَرضِ رَحْمَةً فَبِهَا تَعْطَفُ الوَالِدَةُ عَلَى مَنْهَا فِي الأَرضِ رَحْمَةً فَبِهَا تَعْطَفُ الوَالِدَةُ عَلَى عَلَى وَلَدِهَا، وَالوَحْشُ وَالطَّيْرُ بَعْضُهَا عَلَى بَعْض، فَإِذَا كَانَ يَوْمُ القِيَامَةِ أَكْمَلَهَا بِهِذِهِ الرَّحْمَة

#### বাংলা

৯/৪২৫। উক্ত সাহাবী (আবূ হুরায়রাহ) রাদিয়াল্লাহু 'আনহু থেকেই বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, ''আল্লাহ রহমতকে একশ ভাগ করেছেন। তার মধ্যে নিরানব্বই ভাগ তিনি নিজের কাছে রেখে দিয়েছেন। আর পৃথিবীতে একভাগ অবতীর্ণ করেছেন। ঐ এক ভাগের কারণেই সৃষ্টজগৎ



একে অন্যের উপর দয়া করে। এমনকি জন্তু তার বাচ্চার উপর থেকে পা তুলে নেয় এই ভয়ে যে, সে ব্যথা পাবে।"

অন্য এক বর্ণনায় আছে, ''নিশ্চয় আল্লাহর একশটি রহমত আছে, যার মধ্য হতে একটি মাত্র রহমত তিনি মানব-দানব, পশু ও কীটপতঙ্গের মধ্যে অবতীর্ণ করেছেন। ঐ এক ভাগের কারণেই (সৃষ্টজীব) একে অপরকে মায়া করে, তার কারণেই একে অন্যকে দয়া করে এবং তার কারণেই হিংস্র জন্তুরা তাদের সন্তানকে মায়া করে থাকে। বাকী নিরানব্বইটি আল্লাহ আখেরাতের জন্য রেখে দিয়েছেন, যার দ্বারা তিনি কিয়ামতের দিন আপন বান্দাদের উপর রহম করবেন।'' (বুখারী ও মুসলিম)

এ হাদীসটিকে ইমাম মুসলিমও সালমান ফারেসী রাদিয়াল্লান্থ 'আনহু থেকে বর্ণনা করেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''নিশ্চয় আল্লাহ তা'আলার একশটি রহমত আছে, যার মধ্য হতে মাত্র একটির কারণে সৃষ্টিজগৎ একে অন্যের প্রতি দয়া প্রদর্শন করে। আর নিরানব্বইটি (রহমত) কিয়ামতের দিনের জন্য রয়েছে।''

অন্য এক বর্ণনায় আছে, ''আল্লাহ তা'আলা আসমান যমীন সৃষ্টি করার দিন একশটি রহমত সৃষ্টি করলেন। প্রতিটি রহমত আসমান ও যমীনের মধ্যস্থল পরিপূর্ণ (বিশাল)। অতঃপর তিনি তার মধ্য হতে একটি রহমত পৃথিবীতে অবতীর্ণ করলেন। ঐ একটির কারণেই মা তার সন্তানকে মায়া করে এবং হিংস্ত্র প্রাণী ও পাখীরা একে অন্যের উপর দয়া করে থাকে। অতঃপর যখন কিয়ামতের দিন হবে, তখন আল্লাহ এই রহমত দ্বারা সংখ্যা পূর্ণ করবেন।'' (বুখারী ও মুসলিম) [1]

# **English**

(51) Chapter: Hope in Allah's Mercy

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

Messenger of Allah () said, "Allah has divided mercy into one hundred parts; and He retained with Him ninety-nine parts, and sent down to earth one part. Through this one part creatures deal with one another with compassion, so much so that an animal lifts its hoof over its young lest it should hurt it".

## [Al-Bukhari and Muslim]

Another narration is: Messenger of Allah (ﷺ) said, "Allah has one hundred mercies, out of which He has sent down only one for jinn, mankind, animals and insects, through which they love one another and have compassion for one another; and through it, wild animals care for their young. Allah has retained ninety-nine mercies to deal kindly with His slaves on the Day of Resurrection."



### [Al-Bukhari and Muslim].

Another narration in Muslim is reported: by Salman Al-Farisi: Messenger of Allah (ﷺ) said, "Allah has hundred mercies, out of which one mercy is used by his creation for mutual love and affection. Ninety-nine mercies are kept for the Day of Resurrection."

Another narration is: Messenger of Allah () said, "Allah created one hundred units of mercy on the Day He created the heavens and the earth. Each one of them can contain all that is between the heaven and the earth. Of them, he put one on earth, through which a mother has compassion for her children and animals and birds have compassion for one another. On the Day of Resurrection, He will perfect and complete His Mercy". (That is He will use all the hundred units of mercy for his slaves on that Day).

### Commentary:

- 1. We learn from this Hadith that kind and compassionate treatment is liked by Allah and is in fact His Blessing and Benevolence. This is the reason He has given a part of it to His creatures, and a person who is so hard-hearted, that he is not even aware of it has a defect which is extremely displeasing to Allah. Moreover, it is a sign that such a person is deprived of Divine blessing and mercy.
- 2. On the Day of Resurrection, Almighty Allah will bestow upon the believers hundred mercies. This news has great hopes and joy for His slaves.

# ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬০০০, ৬৪৬৯, মুসলিম ২৭৫২, তিরমিযী ৩৫৪১, ইবনু মাজাহ ৪২৯৩, আহমাদ ৮২১০, ৯৩২৬, ৯৯১০, ১০২৯২, ১০৪২৯, দারেমী ২৭৮৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন